

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(কাস্টমস)
প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর. ও. নং ১৯২-আইন/২০২৬/৪৭/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(১) বিধি ২ এর দফা (ড) এর পর নিম্নরূপ নূতন দফা (ডড) সন্নিবেশিত হইবে, যথা:-

“(ডড) ঝুঁকি রেজিস্ট্রার (risk register)” অর্থ স্বয়ংক্রিয় ঝুঁকি ব্যবস্থাপনা সিস্টেমে সংরক্ষিত ইলেকট্রনিক রেকর্ড যাহাতে আমদানি, রপ্তানি বা ট্রানজিট সংক্রান্ত বিদ্যমান বা সম্ভাব্য ঝুঁকিসমূহ, ঝুঁকির প্রকৃতি, সম্ভাব্য প্রভাব ও ঝুঁকি নিরসনে গৃহীত বা প্রস্তাবিত নিয়ন্ত্রণ ব্যবস্থাসমূহ লিপিবদ্ধ থাকে;”;

(২) বিধি ৪ এর-

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত “কাস্টমস বন্ড কমিশনারেটসমূহ” শব্দগুলির পর “, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট এবং ইকোনোমিক জোন কমিশনারেট” চিহ্ন ও শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৪) ও (৫) সংযোজিত হইবে, যথা:-

“(৪) বোর্ডের অধীন কাস্টমস স্টেশন, মুসক কমিশনারেট, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ইকোনোমিক জোন কমিশনারেট ও কাস্টমস বন্ড কমিশনারেটসমূহ কর্তৃক খালাসোত্তর নিরীক্ষা, বার্ষিক নিরীক্ষা বা নিরীক্ষায় পণ্যচালানের ঝুঁকি সম্পর্কিত কোনো তথ্য প্রাপ্ত বা উদঘাটিত হইলে উহা এআরএমএস সফটওয়্যারে এন্ট্রি করিতে হইবে বা কাস্টমস কম্পিউটার সিস্টেম হইতে উক্ত তথ্য সরাসরি এআরএমএস এ আনিবার ব্যবস্থা করিতে হইবে।

(৫) এই বিধিমালাতে যাহা কিছুই থাকুক না কেন, সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে যে কোনো পণ্যচালানের খালাস স্থগিত করা যাইবে এবং সিলেকটিভিটি লেন নির্বিশেষে কার্যিক পরীক্ষা ও দলিলাদি যাচাই করা যাইবে:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ খালাস স্থগিত কার্যক্রমের তথ্য এবং প্রাপ্ত ফলাফল এআরএমএস এ এন্ট্রি প্রদান করিতে হইবে।”;

- (৩) বিধি ৫ এ উপ-বিধি (১) এর দফা (চ) এর পর নিম্নরূপ নূতন দফা (চচ) সন্নিবেশিত হইবে, যথা:-

“(চচ) ইকোনোমিক জোন কমিশনারেটের কমিশনার;”; এবং

- (৪) বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“৭। স্বয়ংক্রিয় ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি (Automated Risk Management System-এআরএমএস)।— যথাযথ কাস্টমস নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার উদ্দেশ্যে, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট পণ্যচালান, আমদানিকারক, রপ্তানিকারক, যাত্রী, এজেন্ট ও ব্যাংক সংশ্লিষ্ট ঝুঁকি বিশ্লেষণপূর্বক সিলেকটিভিটি নিরূপণের লক্ষ্যে এআরএমএস অথবা উপযোগী স্বয়ংক্রিয় ইলেকট্রনিক সিস্টেম ব্যবহার করিবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।